গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালক, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল

এবং

সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৭ - জুন ৩০, ২০১৮

সূচিপত্র

জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ৩

উপক্রমনিকা.. ৪

সেকশন ১: জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের রূপকল্প (Vision),অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ৫

সেকশন ২: জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব(Outcome/Impact) ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রা সমূহ.................................. ৭

দপ্তর/ সংস্থার আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যেসমূহ ৯

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms).. ১২

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী এবং পরিমাপ পদ্ধতি- এর বিবরণ ১৩

সংযোজনী ৩: অন্যান্য মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর/ সংস্থা- এর নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ ১৫

জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের কর্ম সম্পাদনের সার্বিক চিত্র

(Overview of the Performance of the Jatio Muktijoddha Council)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ ও ভবিষ্যৎ পরিকল্পনা:

সাম্প্রতিক বছর সমূহের (৩ বছর) প্রধান অর্জন সমূহ-

জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের সভার সিদ্ধান্তক্রমে ৪,৪৬৭ জন ব্যক্তিকে প্রকৃত মুক্তিযোদ্ধা হিসেবে সনাক্তকরণ, ২,৬৯৩ জনের গেজেট বাতিল করার জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে সুপারিশ প্রেরণ করা হয়েছে। ১৮৮জন মহিলা মুক্তিযোদ্ধার (বীরাঙ্গনার) নাম গেজেটভুক্ত করার জন্য সুপারিশ করা হয়েছে। প্রকৃত বীর মুক্তিযোদ্ধা চিহ্নিত করণের লক্ষ্যে ১,৪২,৯৫০টি আবেদন উপজেলা, জেলা ও মহানগর মুক্তিযোদ্ধা যাচাই-বাছাই কমিটির নিকট যাচাই-বাছাইকরণের জন্য প্রেরণ করা হয়েছে। বীর মুক্তিযোদ্ধা বা মুক্তিযোদ্ধা প্রজন্ম কর্তৃক গঠিত সারাদেশে গত তিন বৎসরে ৬০টি সমিতি/সংগঠনকে জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল কর্তৃক নিবন্ধন প্রদান করা হয়েছে। ৫৬টি নিবন্ধিত সমিতি/সংগঠন পরিদর্শন করা হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জ সমূহ-

মুক্তিযোদ্ধাদের সঠিক ও নির্ভুল তালিকা প্রণয়ন করা, বিভিন্ন কারনে রীটসহ অন্যান্য মামলা যথাসময়ে নিষ্পত্তি করা এবং মহানগর, জেলা ও উপজেলায় গঠিত মুক্তিযোদ্ধা যাচাই-বাছাই কমিটির কার্যক্রম নির্ধারিত সময়ে সমাপ্ত করা।

ভবিষ্যৎ পরিকল্পনা-

জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের অনুষ্ঠিতব্য সভার সিদ্ধান্ত সাপেক্ষে প্রকৃত মুক্তিযোদ্ধাদের নাম তালিকাভুক্তিকরণ, গেজেটে প্রকাশের সুপারিশকরণ, ভূয়া মুক্তিযোদ্ধাদের নাম তালিকা হতে বাদ দেয়াসহ গেজেট ও সাময়িক সনদ বাতিলের সুপারিশকরণ এবং প্রকৃত নারী মুক্তিযোদ্ধাদের সনাক্তকরণ ও তালিকা প্রণয়নসহ গেজেটে অন্তর্ভুক্তির সুপারিশ করণ।

২০১৭-১৮ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- জামুকার ৬ টি সভা অনুষ্ঠান;
- ৫০ (পঞ্চাশ) জন প্রকৃত মহিলা মুক্তিযোদ্ধা সনাক্তকরণ;
- জামুকায় প্রাপ্ত আবেদনসমুহ যাচাই-বাছাই করে ৬০ জন মুক্তিযোদ্ধার নাম গেজেটে প্রকাশের জন্য সুপারিশকরণ;
- ৫০টি রীট মামলার এসএফ প্রেরণ;
- ২০টি সমিতি/ সংগঠনের প্রাক নিবন্ধন পরিবীক্ষণ;
- ৪০টি নিবন্ধিত সমিতি পরিদর্শন;

উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/ সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের দায়িত্বে নিয়োজিত মহাপরিচালক

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এর প্রতিনিধি হিসাবে সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এর মধ্যে ২০১৭ সালের ....জুন.... মাসের........ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয় সমূহে সম্মত হলেন:

সেকশন ১

জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives), কার্যাবলি (Functions) :

১.১ রূপকল্প (Vision) :

মহান মুক্তিযুদ্ধের আদর্শ ও চেতনাকে সমুন্নত রাখা এবং মুক্তিযোদ্ধাদের সার্বিক কল্যাণ সাধন।

১.২ অভিলক্ষ্য (Mission):

বিদ্যমান আইন ও নীতিমালার যথোপযুক্ত বাস্তবায়নের মাধ্যমে মুক্তিযোদ্ধাদের সার্বিক কল্যাণ সাধন এবং মহান মুক্তিযুদ্ধের আদর্শ ও চেতনাকে রাষ্ট্রীয় ও জাতীয় জীবনে সুপ্রতিষ্ঠিত করা।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

১.৩.১ জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. মুক্তিযোদ্ধাদের সার্বিক কল্যাণ সাধন;
২. মুক্তিযুদ্ধের আদর্শ সমুন্নত রাখা ও কার্যকরী করার লক্ষ্যে সকল শ্রেণীর পেশাজীবীদের সমন্বয়ে বিভিন্ন পর্যায়ে অঙ্গ সংগঠন গঠন, নিয়ন্ত্রণ ও তত্ত্বাবধান;
৩. প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ।

১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন
২. কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন
৩. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন
৪. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন
৫. তথ্য অধিকার ও স্বপ্রনোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন।

১.৪ কার্যাবলি (Functions):

১. মুক্তিযুদ্ধের আদর্শ প্রতিষ্ঠার লক্ষ্যে জাতীয় পর্যায়সহ জেলা, থানা, ইউনিয়ন ও গ্রাম পর্যায়ে সামাজিক ও অর্থনৈতিক কর্মসূচি গ্রহণ;

২. মুক্তিযোদ্ধা, যুদ্ধাহত মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের অর্থনৈতিকভাবে স্বাবলম্বী করার জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণসহ সর্বোতভাবে পূণর্বাসন;

৩. রাষ্ট্রীয় ও সমাজ জীবনের সকল স্তরে মুক্তিযুদ্ধের আদর্শ সমুন্নত রাখা ও কার্যকরী করার লক্ষ্যে সকল শ্রেণীর শিশু-কিশোর, যুবক, ছাত্র, শ্রমিক, শিক্ষক, কৃষক, মহিলা, ব্যবসায়ী, সাংস্কৃতিক কর্মী ও সকল শ্রেণীর পেশাজীবীদের সমন্বয়ে বিভিন্ন পর্যায়ে অঙ্গ সংগঠন গঠন, নিয়ন্ত্রণ ও তত্ত্বাবধান;

৪. মুক্তিযুদ্ধ ও মুক্তিযোদ্ধা সংশ্লিষ্ট সকল সংগঠন, সংঘ, সমিতি, যে নামে অভিহিত হউক না কেন, পরিচালনার জন্য প্রয়োজনীয় নীতিমালা প্রণয়ন;

৫. মুক্তিযুদ্ধ ও মুক্তিযোদ্ধা সংশ্লিষ্ট সকল সংগঠনের নিবন্ধীকরণ;

৬. মুক্তিযুদ্ধ ও মুক্তিযোদ্ধা সংশ্লিষ্ট সকল সংগঠনের নিবন্ধীকরণ ফিস, নবায়ন ফিস ইত্যাদি নির্ধারণ;

৭. মুক্তিযুদ্ধের ইতিহাস, ঐতিহ্য ও স্মৃতি রক্ষার্থে গৃহীত প্রকল্প পরিচালনা, নিয়ন্ত্রণ ও তত্ত্বাবধান এবং ভবিষ্যৎ প্রকল্প গ্রহণ;

৮. সরকারী ও বেসরকারী ব্যক্তি, সংস্থা ও সংগঠন কর্তৃক মুক্তিযুদ্ধের ইতিহাস, স্মৃতি, আদর্শ সংক্রান্ত সৌধ, ভাস্কর্য, যাদুঘর ইত্যাদি নির্মানের অনুমতি প্রদান, রক্ষণাবেক্ষণ, নিয়ন্ত্রণ ও তত্ত্বাবধান;

৯. প্রকৃত মুক্তিযোদ্ধাদের তালিকা প্রণয়ন, সনদপত্র ও প্রত্যয়ন পত্র প্রদানে এবং জাল ও ভূয়া সনদ পত্র ও প্রত্যয়ন পত্র বাতিলের জন্য সরকারের নিকট সুপারিশ প্রেরণ;

১০. মুক্তিযুদ্ধ ও মুক্তিযোদ্ধা সংশ্লিষ্ট অন্যান্য বিষয় সম্পর্কিত কার্যাবলী সম্পাদন।